# শ্যামনগর উপজেলা পরিষদের ডিসেম্বর’২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ৩১.১২.২০২০ খ্রিঃ, বেলা- ৩.০০ টা।

স্থান ঃ Zoom Clouding meeting

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-‘‘ক’’ দ্রষ্টব্যঃ**

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য সূচী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১.</td><td>গত সভার কার্যবিবরণী দৃঢ়করন</td><td>১. সভার শুরুতে সভাপতি Zoom Clouding meeting এ অংশগ্রহনকৃত অদ্য মাসিক সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি বলেন যে, বর্তমান সময়ে মহামারি করোনা ভাইরাসের জন্য উপজেলা পরিষদের মাসিক সভা Zoom Clouding meeting এর মাধ্যমে আহবান করা হয়েছে।<br>২. সভাপতি সভার কার্যক্রম শুরুর পূর্বে বলেন যে, সাতক্ষীরা জেলার সুযোগ্য জেলা প্রশাসক জনাব এস এম মোস্তফা কামাল মহোদয়ের পিতা গত ২৪ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখ ঢাকার সি এম এইচ হাসপতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরন করেন। অদ্য মাসিক সভায় তিনি শোক প্রস্তাব করেন।</td><td>১. Zoom Clouding meeting সভা আয়োজন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>২. সর্ব্বসম্মতিক্রমে শোক প্রস্তাব গৃহিত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>২.</td><td>মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা</td><td>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় ২০২০-২১ অর্থ বছরে এডিপি বরাদ্দ হতে বাস্তবায়নের জন্য একটি ডিও লেটার প্রদান করেছেন। সভায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ে ডিও লেটার উপস্থাপন করেন।</td><td>মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে আলোচনা পূর্বক প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের জন্য সকলে একমত পোষণ করেন।</td><td>সংশিষ্ট দপ্তর প্রধান।</td></tr>
<tr><td>৩.</td><td>আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন, এডিপি)</td><td colspan="2">১. উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পষিদের অভ্যন্তরে জরুরী মেরামত/সংস্কার কাজে নিমোক্ত ব্যয়ের অনুমোদন হলে কাজগুলি সম্পন্ন করা যেতে পারে।<br>১. উপজেলা পরিষদের পানির পাম্পের মোটরের এডেবটর, চেক বাল্ব ও ছকেট লাগানো বাবদ-২১৯৪/- টাকা।<br>২. উপজেলা পরিষদের পাম্প হাউজের এডেবটর লাগানো বাবদ ৪৯৫০/- টাকা।<br><br>২. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নের জন্য শুধুমাত্র মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান বিনামূল্যে বিতরনের জন্য ২,১০,০০০/- টাকার বিশেষ বরাদ্দ পাওয়া গেছে। বর্নিত বরাদ্দ হতে ১) করোনা ভাইরাস প্রতিরোধে বিভিন্ন ইউনিয়নে বিনামূল্যে বিতরনের জন্য মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান ক্রয় (অংশ-১)- ১,৪৪,০০০/- টাকা এবং ২) করোনা ভাইরাস প্রতিরোধে বিভিন্ন ইউনিয়নে বিনামূল্যে বিতরনের জন্য মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান ক্রয় (অংশ-২)- ৬৬,০০০/- টাকার প্রকল্প গ্রহনে সিদ্ধান্ত গ্রহনের জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br><u>সিদ্ধান্ত</u> ঃ সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা শেষে করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নের জন্য শুধুমাত্র মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান বিনামূল্যে বিতরনের জন্য উল্লেখিত দুটি প্রকল্প বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মাতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। প্রকল্পটি দুটি পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>৪.</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td><td colspan="2">উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় প্যাকেজ নং- e-Tender/JICA/SHYA/STK/ 2018-19/P-03, প্রকল্প নাম- Vertical Extension of Nakipur Pilot girls High School Under Shyamnagar Upazila, Dist-Sathira. মেসার্স মোল্যা ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, প্রোঃ- এম এম নুরুল হক, বর্নিত কাজটি সম্পন্ন করেছেন। বর্নিত কাজের চুক্তিমূল্য ছিল ৯,৯৯,০০০/- টাকা। কাজের গুনগত মান সন্তোষজনক।
<table>
<tr><th>উপজেলা</th><th>প্যাকেজ নং</th><th>চুক্তিকৃত মূল্য (ভ্যাট ও আয়কর সহ)</th><th>ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান (ভ্যাট ও আয়কর সহ)</th><th>ভ্যাট ও আয়কর ব্যতিত বিল</th><th>ভ্যাঁটের পরিমান</th><th>আয়করের পরিমান</th><th>ভ্যাট ও আয়কর সহ মোট বিল</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>শ্যামনগর</td><td>INF-2018-19/P-03</td><td>৯,৯৯,০০০/-</td><td>৯,৯৯,০০০/-</td><td>৮,৮৪,১১৫/-</td><td>৭৪,৯২৫/-</td><td>৩৯,৯৬০/-</td><td>৯,৯৯,০০০/-</td><td></td></tr>
</table>
উক্ত কাজের চুড়ান্ত বিল প্রদানের জন্য সুপারিশ করেন।<br><br>সিদ্ধান্ত : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত কাজের বিল প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী এবং ইউডিএফ, শ্যামনগর</td></tr>
<tr><td>৫.</td><td>একটি বাড়ী একটি খামার</td><td>সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার বলেন যে, শ্যামনগর উপজেলায় একটি বাড়ী একটি খামারে মোট সমিতির সংখ্যা ২০০টি, সদস্য ৯৮৬১ জন। মোট সঞ্চয় ৩২,৬৫৮,৬৩৩/- টাকা, মোট ঋন প্রদান ৯৯,২৪৬,০০০/- টাকা, আদায় ৩৮,১২৬,৭৮০/- টাকা। সমিতির কার্যক্রম সুষ্ঠভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।</td><td>ঋন আদায়ে তৎপর হতে হবে।</td><td>সংশ্লিষ্ট কর্মকর্তা</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, নিয়মিত উপজেলার বিভিন্ন মোকামে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে। সংশ্লিষ্ট বাজার কমিটির সভাপতি, সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। | ভ্রাম্যমান আদালত নিয়মিত পরিচালনা এবং বাজার কমিটির সভাপতি এবং সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শন এবং বাজার তদারকী করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৭. | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২০-২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) ১ম কিস্তির ৩৪.০০ লক্ষ টাকা এবং ২য় কিস্তির ১৭ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গেছে। বিধি মোতাবেক স্ব স্ব বিভাগকে প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন। | প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য স্ব স্ব বিভাগকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন যে, শ্যামনগর কিছু ইউনিয়নে সার ডিলার নিয়োগ করা আবশ্যক। বিধি মোতাবেক সার ডিলার নিয়োগের জন্য আবেদন আহবান করা হবে মর্মে সকলকে অবহিত করেন। | মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে আলোচনা পূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরেধ করা হয়। | |
| | | **উপজেলা মৎস্য অফিস ঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, করোনা ভাইরাস মহামারি আকার ধারন করেছে। সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলাচলের জন্য দিক নির্দেশনা প্রদান করেন। | করোনা ভাইরাস সম্পর্কে সকলকে সচেতনতা করতে এবং বাধ্যতামূলক মাস্ক ব্যবহারের সচেতনতা বৃদ্ধি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নে ইউনিয়ন পরিবার পরিকল্পনা ভবন নির্মান করা হচ্ছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে কাজের গুনগতমান তদারকি করার জন্য অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপস্থিত কর্মকর্তা সভায় বলেন যে, আগামি ১লা জানুয়ারী ২০২১ খ্রিঃ তারিখ সারাদেশের ন্যায় শ্যামনগর উপজেলায় প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে বই বিতরন করা হবে। | বই বিতরণ কার্যক্রম তদারকি করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, আগামি ১লা জানুয়ারী ২০২১ খ্রিঃ তারিখ সারাদেশের ন্যায় শ্যামনগর উপজেলায় প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরন করা হবে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, উপজেলা সমাজসেবা কমপ্লেক্স ভবন নির্মানের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে ১০ শতক জমি প্রয়োজন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। | স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি গ্রহন সাপেক্ষে জমি প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** উপজেলা সামাজিক বনায়ন কর্মকর্তা বলেন যে, সামাজিক বন বিভাগ, শ্যামনগরের অফিস ভবনটি খুবই জরাজীর্ন। উক্ত ভবনটি মেরামত/পুনঃ নির্মান করা প্রয়োজন। উপজেলা পর্যায়ের সামাজিক বনায়ন কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহার অযোগ্য কার্যালয়টি পুনঃ নির্মানের লক্ষ্যে অদ্য সভায় সিদ্ধান্ত গ্রহন করা প্রয়োজন। অফিস পুনঃ নির্মানের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে ৬৫ বর্গমিটার (৭০০ কাফুট) জায়গা প্রয়োজন। তিনি আরও বলেন যে, বৃক্ষরোপনে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২০ উপলক্ষ্যে ১০টি শ্রেনীতে পুরস্কার প্রদানের জন্য দরখাস্ত আহবান করা হয়। কিন্তু শ্যামনগর উপজেলা হতে কোন আবেদন পাওয়া যায়নি। | উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা সামাজিক বনায়ন অফিস নির্মান/পুনঃ নির্মানের জন্য ৬৫ বর্গমিটার জায়গা প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের পুর্বানুমতি প্রয়োজন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা সামাজিক বনায়ন দপ্তর এবং সংশ্লিষ্ট বিভাগের অধিদপ্তরকে স্থানীয় সরকার মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগের সাথে চুক্তি করার জন্য অনুরোধ করা হয়। | বন বিভাগ |
| | | **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন যেসকল এলাকায় কাজ চলমান আছে ইতোমধ্যে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অবহিত করা হয়েছে। কিছু কিছু স্থানে স্থানীয় মানুষের অসহযোগিতার কারনে কাজে বিলম্ব হচ্ছে। | যে সকল স্থানে ভয়াবহ ফাটল দেখা দিয়েছে, সেগুলি চিহ্নিত করে দ্রুত ভিত্তিতে মেরামত করতে অনুরোধ করা হয় এবং কাজ তদারকি করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা নির্বাহী অফিসার বলেন বাঁধ মেরামতের স্থানে বালির বস্তা কম দেওয়ার কোন সুযোগ নেই। এ সংক্রান্ত মনিটরিং টিম নিয়মিত কাজ তদারকি করছেন। | | |
| | | **উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমবায় অফিস ঃ** উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |

## বিবিধ আলোচনা

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, বর্তমান সরকার জনগনের দোড় গোড়ায় সেবা প্রদানের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কোন দপ্তরে সাধারন জনগন সেবা নিতে এসে যেন হয়রানির শিকার না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে। একটি আধুনিক উপজেলা পরিষদ গঠনের জন্য তিনি উপজেলা পরিষদের সকল সদস্যের আন্তরিকতা ও সহযোগিতা কামনা করেন। উপজেলা পরিষদের বিদ্যমান আইন, পরিপত্র অনুসরন পূর্বক সকল কাজ সম্পাদন করার জন্য সকল সদস্যদের অনুরোধ করেন।

০২। ০৩। চেয়ারম্যান, বুড়িগোয়ালিনী ইউপি সভায় বলেন যে,

১. পানি উন্নয়ন বোর্ডের বেড়ী বাঁধ মেরামতে জিও ব্যাগগুলি ঠিক স্থানে ফেলা হচ্ছে না। এবিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ করেন।
২. বর্ষা মৌসুমে প্লাবিত হওয়ার আশংখা থাকায় পানি উন্নয়ন বোর্ডের ঝুকিপূর্ন্ন এলাকা মেরামত করা প্রয়োজন।
৩. ত্রান ও দূর্যোগ অধিদপ্তর হতে নির্মানাধীণ ব্রীজের হাতলে মাটি না দেওয়া এবং রং ঠিকমত হচ্ছেনা।
৪. সমাজসেবা অধিদপ্তর হতে বিভিন্ন ভাতা প্রদানে আরও সহজ করার বিষয়ে মতামত প্রদান করেন। ভাতাভোগীদের শ্যামনগর আসতে কষ্ট হয়।

**সিদ্ধান্ত** ঃ বর্নিত আলোচনার আলোকে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

০৩। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০২০খ্রিঃ'র ডিসেম্বর মাস ১৪ দিন ভ্রমন বৃত্তান্ত এবং ২০২১খ্রিঃ'র জানুয়ারী মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০২০খ্রিঃ'র ডিসেম্বর মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যানের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকল সদস্যকে **ইংরেজি নতুন বছরের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে** সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪২০০
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- (৫০) তারিখ ঃ ০৭.০১.২০২১ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা ......................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,..............................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। জনাব .....................................................................................

১০। অফিস কপি।

(আ. ন. ম. আবুজর গিফারী)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com